

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
সদর, যশোর।
www.ansarvdp.sadar.jessore.gov.bd

স্মারক নং : ৪৪.০৩.৪০৪৭.০০৩.৩৫.২৮.২৩- ০৯

তারিখ : ২৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ

বিষয় : পবিত্র রমজান ও ঈদ উল ফিতর ২০২৩ উপলক্ষ্যে 'অঙ্গীভূত আনসার গার্ড' সমূহে বিশেষ সতর্কতার সাথে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : সদর দপ্তরের স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৩৬.১৭-৩৩৭, তারিখ- ২৯/০৩/২০২৩ খ্রিঃ।

পবিত্র রমজান ও ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষ্যে কেপিআই গার্ডসহ দেশের আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার জন্য যশোর জেলার সদর উপজেলার অঙ্গীভূত আনসারদের প্রতি নিম্নলিখিত নির্দেশাবলী জারী করা হলো :

২। সাধারণঃ


- সকল অঙ্গীভূত আনসার গার্ডে কর্তব্যরত আনসার সদস্যরা সর্বদা সতর্ক থাকবে এবং যে কোনো প্রকার নিরাপত্তা ঝুঁকি দক্ষতার সাথে প্রতিরোধ করবে।
- দায়িত্বপালনকালে নিজস্ব নিরাপত্তা, অস্ত্র ও গোলাবারুদের সর্বোচ্চ নিরাপত্তা বিধান এবং অস্ত্রে ও নিরাপত্তা চেইন ব্যবহার নিশ্চিত করতে হবে।
- দায়িত্বপূর্ণ এলাকায় নিরাপত্তা জোরদার করতে হবে এবং অপরিচিত লোকের অনুপ্রবেশ বন্ধ করতে হবে।
- যেকোন ধরনের হ্যান্ড লাগেজ তল্লাশির ক্ষেত্রে নিজে নিরাপদ দূরত্বে অবস্থান করে বাহক/আগন্তুক ব্যক্তি দ্বারা নিজ ল্যাগেজ/ব্যাগ প্রাথমিকভাবে তল্লাশি করতে হবে।
- বিদ্যুৎ কেন্দ্র এবং এর অফিস সমূহের নিরাপত্তায় নিয়োজিতদের অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালনের পাশাপাশি যে কোন অনাকাঙ্ক্ষিত হামলা প্রতিরোধে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে।
- বিমান বন্দরে যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।
- দায়িত্বপালনকারী আনসার সদস্যগণ কোভিড-১৯ করোনা ভাইরাস জনিত রোগ নিয়ন্ত্রনে যথাযথ স্বাস্থ্য বিধি নিষেধ মেনে চলবে এবং জনসাধারণকে তা প্রতিপালনে উৎসাহিত করবেন।

৩। ছুটিঃ প্রাধিকার বর্হিভূত ছুটি প্রদান হতে বিরত থাকতে হবে। ছুটি প্রদানের ক্ষেত্রে নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। ছুটিতে গমনাগমনের প্রাক্কালে ব্যক্তিগত নিরাপত্তার প্রতি প্রত্যেক সদস্য-সদস্যা সতর্ক ও যত্নবান থাকবেন।

৪। অঙ্গীভূত আনসার সদস্যগণ কর্তব্যরত অবস্থায় কোনো অস্বাভাবিক ঘটনা/নাশকত/দুর্ঘটনার খবর পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তাকে অবহিত করবেন।

৫। যোগাযোগঃ

ক) জেলা কমান্ড্যান্ট	: ০১৭৩০ ০৩৮ ১১০
খ) উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা	: ০১৭৮৬ ২১২ ২১২
গ) উপজেলা আনসার ভিডিপি প্রশিক্ষক	: ০১৭৭৭৭ ১৬৯৪৭



(অনন্ত কুমার ঘোষ)
বিএডি নং- ২১০০০০৭৫৫
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
সদর, যশোর।
ফোনঃ ০২৪৭৭৭৬২৪০৬
sadarjashore.ansarvdp@gmail.com

১। পিসি/এপিসি (সকল)
সদর, যশোর।

স্মারক নং : ৪৪.০৩.৪০৪৭.০০৩.৩৫.২৮.২৩-

তারিখ : ২৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ

- জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, - সদয় অবগতির জন্য।
যশোর
- অফিস কপি - সংরক্ষণের জন্য।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
সদর, যশোর।